

নিকাব খুলতে হবে না পাবিপ্রবি ছাত্রীদের, পরিচয় শনাক্ত করবেন শিক্ষিকারা


ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২১ সেপ্টেম্বর ২০২৫, ০১:৩৬



গ্রাফিক্স: ইত্তেফাক

ভাইভা বা প্রেজেন্টেশনের মতো একাডেমিক কার্যক্রমে নারী শিক্ষার্থীদের নিকাব খুলতে বাধ্য না করা এবং তাদের পরিচয় শনাক্ত করবেন নারী শিক্ষিকারা, এমন নির্দেশ দিয়েছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পাবিপ্রবি) প্রশাসন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বুধবার (১৭ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বায়োমেট্রিক ব্যবস্থা চালু না হওয়া পর্যন্ত ভাইভা, প্রেজেন্টেশনসহ বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের নিকাব খুলতে বাধ্য করা যাবে না। নারী শিক্ষিকাদের মাধ্যমে শিক্ষার্থীদের পরিচয় শনাক্ত করার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

পাশাপাশি, কোনো ধর্মীয় অনুভূতিতে আঘাত করা বা শিক্ষার্থীদের বিদ্রূপ, ট্যাগিং বা বৈষম্যের শিকার না করার বিষয়ে সবাইকে সতর্ক থাকতে বলা হলো।

এর আগে ১৪ সেপ্টেম্বর সারাদেশে হিজাব ও নিকাব পরা শিক্ষার্থীদের হেনস্তার প্রতিবাদে উপাচার্যের বরাবর স্বাক্ষরিত পত্র দেন শিক্ষার্থীরা। সেখানে তারা তিন দফা দাবি তুলে ধরেন—

১. ছাত্রীদের শনাক্তকরণের জন্য বায়োমেট্রিক পদ্ধতি চালু করা।
২. বায়োমেট্রিক চালু না হওয়া পর্যন্ত মহিলা শিক্ষিকাদের মাধ্যমে শনাক্তকরণ নিশ্চিত করা।
৩. হিজাব বা নিকাব খুলতে বাধ্য না করা এবং কোনো ধরনের বুলিং বা ট্যাগিং না করা।